



মার্কেটিং বিভাগের এমবিএ (ইভিনিং) প্রোগ্রাম এর ৯ম ব্যাচের বিদায় সংবর্ধনা এবং
১৫তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান



১৭ নভেম্বর-২০১৮, সকাল: ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের উদ্যোগে 'এমবিএ (ইভিনিং) প্রোগ্রাম এর ৯ম ব্যাচের বিদায় সংবর্ধনা এবং ১৫তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। মার্কেটিং বিভাগের এমবিএ (ইভিনিং) প্রোগ্রাম ডিরেক্টর ও সহযোগী অধ্যাপক মো. জাহির উদ্দিন আরিফ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি ব্যাংক বাংলাদেশ লি: এর ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও জনাব মো: মাহবুব-উল-আলম ও বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মো: শওকত জাহাঙ্গীর।

এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মার্কেটিং বিভাগের চেয়ারম্যান এবং বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের পরিচালক অধ্যাপক ড. মো: হুমায়ূন কবীর চৌধুরী এবং মার্কেটেইল বাংলাদেশ লি: এর ম্যানেজিং ডিরেক্টর ও সিইও ড. শরিফুল ইসলাম দুলু। এসময় বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।